গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা শাখা
প্রধান কার্যালয়, ৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নং: ৫৮.০২.০০০০.০০৬.২৭.০৫৫(অংশ-১).২৬- ৪৬১৩ তারিখ: ১৫ নভেম্বর ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ হাছিবুর রহমান (পরিচিতি নং-৪৭০৫৪), ওয়্যারলেস অপারেটর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পটুয়াখালী-কে ১৩/১১/২০২৬ তারিখে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক গ্রেফতার করা হয়েছে;

০২। যেহেতু, তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ধারা ৩৬(১)-এর সারণির ১০(গ)/৩৮ ধারায় কর্ণফুলী থানার মামলা নং-২১, তারিখ ১৪/১১/২০২৬ দায়ের করা হয়েছে;

০৩। যেহেতু, উল্লিখিত মামলায় গ্রেফতার হওয়ার কারণে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৩৯(২) অনুযায়ী তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন ও প্রয়োজনীয়;

০৪। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ধারা ৩৯(২)-এর বিধান অনুযায়ী জনাব মোঃ হাছিবুর রহমান (পরিচিতি নং-৪৭০৫৪), ওয়্যারলেস অপারেটর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পটুয়াখালী-কে গ্রেফতারের তারিখ ১৩/১১/২০২৬ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৭/১১/২০২৬
(মোঃ হাসান মারুফ)
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

স্মারক নং: ৫৮.০২.০০০০.০০৬.২৭.০৫৫(অংশ-১).২৬ তারিখ: ১৫ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ/শৃঙ্খলা অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গেন্ডারিয়া, ঢাকা।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ময়মনসিংহ/রংপুর এবং গোয়েন্দা শাখা, ঢাকা।
৮। চীফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর * প্রধান কার্যালয় * ১৭/১১/২৬

CamScanner

৯। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মচারীর পার্সোনাল ডাটা শিটে লিপিবদ্ধ করার অনুরোধসহ)।

১০। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, বরিশাল/চট্টগ্রাম।

১১। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পটুয়াখালী।

১২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পটুয়াখালী (আদেশটি সংশ্লিষ্ট কর্মচারীর সার্ভিস বহিতে লাল কালি দিয়ে লিপিবদ্ধ করার অনুরোধসহ)।

১৩। সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)।

১৪। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫। জনাব মোঃ হাছিবুর রহমান (পরিচিতি নং-৪৭০৫৪), ওয়্যারলেস অপারেটর (সাময়িক বরখাস্ত), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পটুয়াখালী।

১৬। অফিস কপি/গার্ড ফাইল।

১৫/১১/২৬

(শামসুন নাহার)
সহকারী পরিচালক (শৃঙ্খলা)
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়,
ঢাকা।

CamScanner